দৈনিক সংবাদ

তারিখ 02 SEP 1993
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

## প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী সমীপে

পত্রিকান্তরে জানতে পারলাম, বান্দরবান পার্বত্য জেলায় ১২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। এটা পার্বত্য চট্টগ্রামে শিক্ষার হার হ্রাস করে দেয়ার জন্য একটি বিশেষ মহলের চক্রান্ত ছাড়া কিছুই নয়। পার্বত্য কোঠা চালু করাও এ ধরনের একটি দৃষ্টান্ত। এই ১২টি সরকারী বিদ্যালয় ছাড়াও সারা পার্বত্য চট্টগ্রামে অঘোষিতভাবে অনেক স্কুল বহুদিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের কর্মকর্তারা জানলেও নির্বিকার।

স্বৈরাচারী আমলে নিরাপত্তার দোহাই দিয়ে যত্রতত্র স্কুল বন্ধ করে দেয়ার অনেক নজির আছে। বর্তমান সরকার গণতান্ত্রিক সরকার। বর্তমানে শিক্ষাখাতে বাজেট আগের চেয়ে বৃদ্ধি করা হয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করছে এবং অতি শিগগিরই সারাদেশে প্রাথমিক শিক্ষক নিয়োগ করছে। কাজেই বান্দরবান পার্বত্য জেলায় এই ১২টি সরকারী বিদ্যালয় যাতে বন্ধ ঘোষণা প্রত্যাহার করে অতি শিগগিরই শিক্ষক নিয়োগ করা হয় এবং গোটা পার্বত্য চট্টগ্রামে যতগুলো প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে পড়ে আছে সেগুলোর ব্যাপারেও যাতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয় সে জন্য মাননীয়া প্রধানমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

এস চাকমা
বি,এ. পরীক্ষার্থী
মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা।